

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩০৩৭

পরিচ্ছেদঃ ১৮. দিতীয় অনুচ্ছেদ - কুড়িয়ে পাওয়া দ্রব্য-সামগ্রী

আরবী

وَعَن أَبِي سَعِيد الْخُدْرِيِّ: أَنَّ عَلِيَّ بْنَ أَبِي طَالِب رَضِيَ اللَّهُ عَنْهُ وَجَدَ دِينَارًا فَأَتَى بِهِ فَاطِمَة رَضِي الله عَنْهَا فَسَأَلَ عَنْهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَاللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَا اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : «يَا عَلِيُّ أَدِّ الدِّينَارَ» . رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

৩০৩৭-[৫] আবৃ সা'ঈদ আল খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদা 'আলী একটি হারানো দীনার পেলেন এবং তা ফাতিমা (রাঃ)-কে দিলেন। অতঃপর (প্রচারের পর) সে ব্যাপারে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করলেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, এটা আল্লাহ প্রদত্ত রিযক। সুতরাং এটা হতে স্বয়ং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-ও খেলেন এবং 'আলী ও ফাতিমা (রাঃ)-ও খেলেন। অতঃপর এক স্ত্রীলোক দীনারের সন্ধানে এলেন। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হে 'আলী! তার দীনার পরিশোধ করে দাও। (আবৃ দাউদ)[1]

ফটনোট

[1] হাসান : আবূ দাউদ ১৭১৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (هٰذَا رِزْقُ اللّهِ) স্পষ্ট যে, এটা অবহিতকরণের পর হয়েছে। এখান থেকে এ মাস্আলাহ্ গ্রহণ করা যাচ্ছে যে, প্রত্যেক বস্তুর অবহিতকরণ তার যথেষ্টতা অনুপাতে, এটা সিনদী-এর মত। অথবা কোনো অবহিতকরণ ছাড়াই তা প্রয়োজনমুখী ব্যক্তির জন্য সাব্যস্ত হবে। তবে এ শর্তে যে, তার মালিক যখন চলে আসবে তখন তা মালিককে



ফেরত দিতে হবে। এটা শায়খ মুহাদ্দিস মুহাম্মাদ ইসহক (রহঃ)-এর অভিমত। শায়খ 'আব্দুল হক দেহলবী-এর লেখা মিশকাতের ব্যাখ্যা গ্রন্থ "লাম্'আত"-এ স্পষ্ট আছে যে, ঐ বস্তু সম্পর্কে অবহিত করা হয়নি। এটা কতিপয়ের মত যে, অল্প বস্তুর ক্ষেত্রে অবহিতকরণের প্রয়োজন নেই। অল্পের সীমার ক্ষেত্রে বিদ্বানগণ মতানৈক্য করেছেন। একমতে বলা হয়েছে, তা দশ দিরহামের কম হবে। একমতে বলা হয়েছে, এক দীনার এবং তার কমে যা হবে। ('আওনুল মা'বূদ ৩য় খন্ড, হাঃ ১৭১১)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন